দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 27 OCT 1988
পৃষ্ঠা ... কলাম 7

006

# প্রকৌশল বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। আবাসিক ছাত্রছাত্রীদেরকে আজ বৃহস্পতিবার রাত ১০ টার মধ্যে হল ছাড়তে বলা হয়েছে।

দু'দফা দাবী আদায়ের লক্ষ্যে গত দু'সপ্তাহ ধরে ক্লাস বর্জন এবং সভা-মিছিলের মাধ্যমে আন্দোলনরত ছাত্রছাত্রীদের ক্লাসে ফিরিয়ে আনার চেষ্টা ব্যর্থ হবার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল বুধবার এ সিদ্ধান্ত নেয়।

রাতে এ সিদ্ধান্তের কথা

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

**প্রকৌশল বিশ্ববিদ্যাল**

(১ম পাতার পর)

জানার পর এর প্রতিবাদে রাজধানীতে ছাত্রদের এক বিরাট বিক্ষোভ মিছিল বের হয়। মিছিলে শ্লোগান দেয়া হয় যে, ছাত্রছাত্রীরা এ সিদ্ধান্ত মেনে নেবে না।

কর্তৃপক্ষের এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল বলা হয়, ক্লাস টেষ্ট প্রথা বাতিল এবং বৃত্তির পরিমাণ বৃদ্ধির দাবীতে ছাত্রছাত্রীদের আন্দোলনের পরিপ্রেক্ষিতে, ইতিমধ্যে বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিল ক্লাস টেষ্ট-এর নীতিমালা প্রণয়ন করে একটি একাডেমিক বিজ্ঞপ্তি জারি করেন এবং বিভিন্নভাবে কর্তৃপক্ষ ছাত্রছাত্রীদের ক্লাসে ফিরিয়ে আনার চেষ্টা করেন। বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ ব্যাহত করা থেকে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দিয়ে একটি বিজ্ঞপ্তি জারি করা হয়। বৃত্তির পরিমাণ বৃদ্ধির ব্যাপারে ইতিমধ্যেই সরকারের সংশ্লিষ্ট পর্যায়ে যোগাযোগ করা হয়েছে। এ প্রচেষ্টা অব্যাহত থাকবে বলে ছাত্র ছাত্রীদের অবহিত করা হয়। তবুও ক্লাস টেষ্ট বাতিলের দাবীতে অনমনীয় মনোভাব প্রদর্শন করে ছাত্রছাত্রীবৃন্দ একযোগে ক্লাস বর্জন অব্যাহত রাখায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক পরিবেশের মারাত্মক অবনতি ঘটেছে এবং স্বাভাবিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করা অসম্ভব হয়ে পড়েছে।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়টি এই প্রথম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশে অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষিত হলো।